

অপর মামলা নং- ৫৪/২০০৭

ক্রমিক ও তারিখ	আদেশ	
<p>৯৮ ১৫/০১/২০২৩</p>	<p>অদ্য সদর সাব রেজিস্ট্রি অফিস হতে বালাম প্রাপ্তি ও এস ডির জন্য দিন ধার্য আছে। সংশ্লিষ্ট অফিস হতে বালাম পাওয়া যায়নি। ধার্য তারিখের পরে আদালতের আদেশ প্রাপ্ত হওয়ায় বালাম প্রদান করা সম্ভব হয়নি মর্মে জেলা রেজিস্ট্রার হতে পত্র আসিয়াছে যা নথিতে সামিল পাওয়া গেছে।</p> <p>বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি পুনরায় বালাম তলবের নিবেদন করেন। বিবাদীপক্ষ সময়ের আবেদন করেন। বিবাদীর সময় মঞ্জুর। নথি প্রয়োজনীয় আদেশের জন্য গ্রহন করা হলো।</p> <p>বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, বাদীপক্ষ বিবাদীদের বিরুদ্ধে বাদীর পিতা এরশাদ আলীর নামীয় তর্কিত কবলা জাল জালিয়াতির আশ্রয়ে সৃজন করায় অত্র মামলা আনয়ন করেছেন। বিবাদীপক্ষ কথিত কবলার মূল কপি আদালতে দাখিল না করায় মামলাটি সুষ্ঠু বিচারের স্বার্থে তর্কিত ১৮/০৬/১৯৭৪ ইং তারিখের ৩৮৮৮ নং কবলা ও ১৫/০৭/১৯৭৫ ইং তারিখের ৬৬৫৬ নং কবলায় রক্ষিত বাদীর পিতা এরশাদ আলীর নামীয় টিপ স্বাক্ষর হস্তরেখা বিশারশ দ্বারা পরীক্ষার নিমিত্তে সংশ্লিষ্ট টিপ বহি তলব করা আবশ্যিক মর্মে নিবেদন করেন।</p> <p>শুনলাম। বিগত ২১/০৮/২০২২ খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক প্রার্থীতমতে পটিয়া সাব-রেজিস্ট্রি অফিসের গত ১৮/০৬/১৯৭৪ ইং তারিখের ৩৮৮৮ নং কবলার এবং একই সাব-রেজিস্ট্রি অফিসের ১৫/০৭/১৯৭৫ ইং তারিখের ৬৬৫৬ নং দলিলের সংশ্লিষ্ট টিপ বহি আগামী ২২/০২/২০২৩ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটনায় ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে অত্র আদালতে উপস্থাপন করার জন্য সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।</p> <p>উক্ত ধার্য তারিখে উক্ত টিপ বহি প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী আদেশ ও এস.ডি।</p> <p>সংশ্লিষ্ট বালাম বহি বাহকের জন্য অত্র আদালতে রাহা খরচা বাবদ ১০০০/- টাকা জমা রহিয়াছে।</p> <p>অত্র আদেশের অনুলিপি অবগতি ও কার্যার্থে সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।</p> <p style="text-align: right;">(মোঃ হাসান জামান)</p> <p style="text-align: center;">গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া- এর কার্যালয়, চট্টগ্রাম</p> <p>স্মারক নম্বর - তারিখ - ০২/০২/২০২৩ খ্রিঃ</p> <p>অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ---</p> <ol style="list-style-type: none"> ১) জেলা রেজিস্ট্রার, চট্টগ্রাম ২) সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম ৩) অফিস কপি <p style="text-align: right;">(মোঃ হাসান জামান) সিনিয়র সহকারী জজ সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া চট্টগ্রাম।</p>	

--	--	--